আন্তর্জাতিক এক্সটার্নশিপে গবির ভেটেরিনারি শিক্ষার্থীদের নতুন গন্তব্য



ছবি: সংগৃহীত

আন্তর্জাতিক এক্সটার্নশিপ কার্যক্রমে নতুন দেশ যুক্ত করতে যাচ্ছে গণ বিশ্ববিদ্যালয়ের (গবি) ভেটেরিনারি অ্যান্ড অ্যানিমেল সায়েন্সেস অনুষদ। এবার প্রথমবারের মতো পাকিস্তানের লাহোরে অবস্থিত ইউনিভার্সিটি অব ভেটেরিনারি অ্যান্ড অ্যানিমেল সায়েন্সেসে (ইউভিএএস) এক্সটার্নশিপে অংশ নিতে যাচ্ছেন অনুষদের ১২তম ব্যাচের ৯ জন ইন্টার্ন চিকিৎসক।

বৃহস্পতিবার (২৯ অক্টোবর) রাত ১০টায় বিমান বাংলাদেশ এয়ারলাইনসের বোয়িং ৭৩৭ ফ্লাইটে পাকিস্তানের উদ্দেশে দেশ ছাড়েন শিক্ষার্থীরা। পরে রাত ১টা ১৫ মিনিটে পাকিস্তানের জিন্নাহ আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছান তাঁরা।

পাকিস্তানে ২৮ দিনব্যাপী এই এক্সটার্নশিপ আগামী ৩১ অক্টোবর শুরু হয়ে চলবে ২৮ নভেম্বর পর্যন্ত।

এক্সটার্নশিপে অংশ নিতে যাওয়া ১২তম ব্যাচের শিক্ষার্থী আবু হুরায়রা বলেন, 'পাকিস্তানের ইউনিভার্সিটি অব ভেটেরিনারি অ্যান্ড অ্যানিমেল সায়েন্সেসে ইন্টার্নশিপের সুযোগ পাওয়া আমাদের জন্য আনন্দের ও গর্বের বিষয়। এর মাধ্যমে একাডেমিক জ্ঞানের পাশাপাশি আন্তর্জাতিক পর্যায়ে ভেটেরিনারি শিক্ষা, গবেষণা, প্রাণিচিকিৎসা এবং আধুনিক প্রযুক্তির ব্যবহার সম্পর্কে বাস্তব অভিজ্ঞতা অর্জন করতে পারব। অন্য দেশের শিক্ষা ও গবেষণার পরিবেশ কাছ থেকে দেখার পাশাপাশি নিজেদের দক্ষতা ও জ্ঞান বাড়ানোর সুযোগ হবে। আমার বিশ্বাস, এই অভিজ্ঞতা ভবিষ্যৎ পেশাগত জীবনে কাজে আসবে। একই সঙ্গে এখান থেকে পাওয়া জ্ঞান ও অভিজ্ঞতা দেশের ভেটেরিনারি শিক্ষার উন্নয়নেও কাজে লাগাতে পারব।'

এ বিষয়ে অনুষদের অধিকর্তা অধ্যাপক ড. মো. জহিরুল ইসলাম খান বলেন, 'পাকিস্তানে শাহীওয়ালসহ গরু, ছাগল ও অন্যান্য প্রাণীর বিভিন্ন উন্নত হাইব্রিড জাত রয়েছে। এসব জাতের অনেকগুলো বাংলাদেশে তেমন পরিচিত বা প্রচলিত নয়। সেখানে প্রাণীর এসব জাত সম্পর্কে হাতে-কলমে শেখার সুযোগ পেলে শিক্ষার্থীদের জ্ঞান ও ব্যবহারিক দক্ষতা বাড়বে। পাশাপাশি ভবিষ্যতে শিক্ষার্থীদের জন্য থাইল্যান্ড, ইন্দোনেশিয়া ও ইউরোপের বিভিন্ন দেশে এক্সটার্নশিপের সুযোগ তৈরির লক্ষ্যেও আমাদের যোগাযোগ চলছে।'

এর আগে একই ব্যাচের ২৪ জন শিক্ষার্থী আন্তর্জাতিক এক্সটার্নশিপ সম্পন্ন করেছেন। তাঁদের মধ্যে ৮ জন মালয়েশিয়ার ইউনিভার্সিটি মালয়েশিয়া কেলান্টানে এবং ১৬ জন নেপালের একটি বিশ্ববিদ্যালয়ে প্রশিক্ষণ নিয়েছেন। এবার পাকিস্তানে আরও ৯ জনের অংশগ্রহণের মধ্য দিয়ে একই ব্যাচের শিক্ষার্থীদের আন্তর্জাতিক এক্সটার্নশিপের অভিজ্ঞতায় নতুন মাত্রা যুক্ত হচ্ছে।

উল্লেখ্য, ২০১৬ সালের মে মাসে গণ বিশ্ববিদ্যালয়ে ভেটেরিনারি শিক্ষার কার্যক্রম শুরু হয়। দেশের প্রথম ও একমাত্র বেসরকারি প্রতিষ্ঠান হিসেবে বিশ্ববিদ্যালয়টিতে এ বিষয়ে শিক্ষা কার্যক্রম চালু করা হয়। শুরুতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) অনুমোদনে ২৫ জন শিক্ষার্থী ভর্তির সুযোগ পান। পরবর্তী সময়ে আসনসংখ্যা বাড়িয়ে ৫০ করা হয়। ইতোমধ্যে এ বিষয়ে ১১টি ব্যাচ স্নাতক সম্পন্ন করেছে।